সিসিআরএএস-পরম্পরা

পরম্পরাগত স্বাস্থ্যচর্চার নথিভুক্তকরণ, মূল্যায়ন এবং বৈজ্ঞানিক বৈধতা যাচাই

কেন্দ্রীয় আয়ুর্বেদীয় বিজ্ঞান গবেষণা পরিষদ

জওহরলাল নেহরু ভারতীয় চিকিৎসা ও হোমিওপ্যাথি অনুসন্ধান ভবন নং ৬১–৬৫,
ইনস্টিটিউশনাল এরিয়া, 'ডি' ব্লকের বিপরীতে, জনকপুরী,
আয়ুষ মন্ত্রক, ভারত সরকার
নিউ দিল্লি–১১০০৫৮

সিসিআরএএস-পরম্পরা

পরম্পরাগত স্বাস্থ্যচর্চার নথিভুক্তকরণ, মূল্যায়ন এবং বৈজ্ঞানিক বৈধতা যাচাই

পটভূমি

ভারত এমন একটি দেশ, যেখানে স্বাস্থ্যচর্চার একটি সুদীর্ঘ ঐতিহ্য রয়েছে এবং যার ভিত্তি হলো সমৃদ্ধ দেশীয় পরম্পরাগত জ্ঞান (Traditional Knowledge—TK)। চিকিৎসা ও স্বাস্থ্যবিজ্ঞান-সংক্রান্ত এই পরম্পরাগত জ্ঞান *চরক সংহিতা, সুশ্রুত সংহিতা, অষ্টাঙ্গ সংগ্রহ* প্রভৃতি প্রামাণ্য গ্রন্থে সুশৃঙ্খলভাবে লিপিবদ্ধ রয়েছে। এছাড়াও বিভিন্ন অ-চিকিৎসাবিষয়ক সাহিত্যে স্বাস্থ্যসংক্রান্ত পরিপূরক তথ্যও সংরক্ষিত হয়েছে। তবে বর্তমানে প্রচলিত এবং প্রজন্ম থেকে প্রজন্মান্তরে স্থানীয় স্বাস্থ্য-ঐতিহ্য (Local Health Traditions—LHTs), মৌখিক স্বাস্থ্য-ঐতিহ্য (Oral Health Traditions—OHTs) এবং জাতিগত চিকিৎসা-পদ্ধতি (Ethnomedical Practices—EMPs) হিসেবে সঞ্চারিত বহু স্বাস্থ্য-ঐতিহ্য এখনও নথিভুক্ত হয়নি।

কেন্দ্রীয় আয়ুর্বেদীয় বিজ্ঞান গবেষণা পরিষদ (CCRAS) দীর্ঘদিন ধরে ব্যক্তি ও বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে প্রচলিত স্থানীয় স্বাস্থ্য-ঐতিহ্য (LHTs) এবং জাতিগত চিকিৎসা-পদ্ধতির (EMPs) নথিভুক্তকরণ ও বৈজ্ঞানিক বৈধতা যাচাইয়ের লক্ষ্যে নিরবচ্ছিন্ন প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। এ উদ্দেশ্যে পরিষদটি সক্রিয় (Proactive) উদ্যোগ হিসেবে তার ১৪টি প্রতিষ্ঠানের মাধ্যমে ১৪টি রাজ্যে ট্রাইবাল হেলথ কেয়ার রিসার্চ প্রোগ্রাম (THCRP) এবং ১৪টি প্রতিষ্ঠানের মাধ্যমে ১৩টি রাজ্যে মেডিকো-এথনো বোটানিক্যাল সার্ভে (MEBS) পরিচালনা করছে। পাশাপাশি, ব্যক্তি বা পরম্পরাগত জ্ঞানধারীদের স্বতঃস্ফূর্তভাবে প্রদত্ত তথ্য ও সূত্রের ভিত্তিতে প্রতিক্রিয়াশীল (Reactive) পদ্ধতিতেও তথ্য সংগ্রহ করা হচ্ছে। এ ধরনের তথ্যের বাছাই (Screening) ও বৈজ্ঞানিক বৈধতা যাচাইয়ের জন্য সিসিআরএস একটি সুসংগঠিত প্রক্রিয়া প্রণয়ন করেছে।

দাবি বা চিকিৎসা-পদ্ধতিগুলির নথিভুক্তকরণের পর সেগুলিকে তাদের স্বাতন্ত্র্য নির্ধারণের জন্য শনাক্ত ও বৈজ্ঞানিকভাবে যাচাই করা হয়। পরবর্তীতে একটি কাঠামোবদ্ধ বিন্যাস এবং পদ্ধতিগত প্রক্রিয়ার মাধ্যমে প্রাপ্ত তথ্যের বৈজ্ঞানিক গুরুত্ব (Scientific Merit) এবং সম্ভাব্য ব্যবহারিক প্রয়োগক্ষমতা (Translational Potential)-এর ভিত্তিতে সেগুলিকে অগ্রাধিকার প্রদান করা হয়।

পরম্পরাগত চিকিৎসক ও জ্ঞানধারীরা প্রায়শই শাস্ত্রসম্মত আয়ুর্বেদীয় প্রস্তুতি অথবা সংহিতাভুক্ত গ্রন্থে বর্ণিত সূত্রের কিছু পরিবর্তিত রূপ ব্যবহার করে বিভিন্ন রোগের চিকিৎসা করে থাকেন। বর্তমান সময়ে চিকিৎসা-অনুশীলন মূলত ভারতীয় আয়ুর্বেদীয় ফার্মাকোপিয়া (Ayurvedic Pharmacopoeia of India—API) এবং ভারতীয় আয়ুর্বেদীয় ফর্মুলারি (Ayurvedic Formulary of India—AFI)-এর মতো প্রামাণ্য গ্রন্থের ওপর নির্ভরশীল হলেও মৌখিক স্বাস্থ্য-ঐতিহ্য (OHTs) এবং জাতিগত চিকিৎসা-পদ্ধতিতে (EMPs) বিপুল পরিমাণ অনথিভুক্ত জ্ঞান এখনও বিদ্যমান। এসব পরম্পরায় প্রায়শই *অনুক্ত দ্রব্য* (Anukta Dravya)—অর্থাৎ প্রামাণ্য আয়ুর্বেদীয় গ্রন্থে উল্লিখিত নয় এমন ঔষধীয় উপাদান—এবং নতুন ধরনের চিকিৎসা-প্রস্তুতির ব্যবহার দেখা যায়। ফলে আয়ুর্বেদীয় ফার্মাকোপিয়াকে আরও সমৃদ্ধ করা এবং দেশীয় পরম্পরাগত জ্ঞানের ক্ষয় রোধ করা অত্যন্ত জরুরি হয়ে উঠেছে। বর্তমানে অনথিভুক্ত বিপুল সংখ্যক জাতিগত চিকিৎসা-পদ্ধতি তাদের বৈজ্ঞানিক মূল্যায়ন ও ব্যবহারিক প্রয়োগের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ প্রতিবন্ধকতা হিসেবে রয়ে গেছে।

এই প্রয়োজনীয়তা উপলব্ধি করে সিসিআরএস পরম্পরাগত স্বাস্থ্যচর্চার **নথিভুক্তকরণ**, **মূল্যায়ন** ও **বৈজ্ঞানিক বৈধতা যাচাই** (PARAMPARA) উদ্যোগ গ্রহণ করেছে। এই উদ্যোগের মাধ্যমে পরম্পরাগত জ্ঞানধারীদের ব্যবহৃত চিকিৎসা-পদ্ধতিগুলিকে পদ্ধতিগতভাবে নথিভুক্ত ও বৈজ্ঞানিকভাবে যাচাই করা হয়। প্রমাণভিত্তিক মূল্যায়ন (Evidence-based Appraisal) গ্রহণের মাধ্যমে PARAMPARA অনথিভুক্ত পরম্পরাগত/দেশীয় জ্ঞান এবং আনুষ্ঠানিক বৈজ্ঞানিক মূল্যায়নের মধ্যে একটি কার্যকর সেতুবন্ধন সৃষ্টি করে। এর ফলে ভারতের চিকিৎসা-ঐতিহ্যের সংরক্ষণ নিশ্চিত হওয়ার পাশাপাশি গবেষণা ও উন্নয়নের (Research and Development) নতুন দিগন্ত উন্মোচিত হয়।

এই উদ্যোগের মূল লক্ষ্য হলো স্বতন্ত্র স্থানীয় স্বাস্থ্য-ঐতিহ্যের বৈজ্ঞানিক বৈধতা যাচাই ও পদ্ধতিগত নথিভুক্তকরণ। কারণ,এ ধরনের প্রমাণভিত্তিক মূল্যায়নই একদিকে এসব ঐতিহ্যের বৈশ্বিক গ্রহণযোগ্যতা বৃদ্ধি করে এবং অন্যদিকে ভারতের সমৃদ্ধ চিকিৎসা-ঐতিহ্য সংরক্ষণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

উদ্দেশ্যসমূহ

১. স্থানীয় স্বাস্থ্য-ঐতিহ্য (LHTs), মৌখিক স্বাস্থ্য-ঐতিহ্য (OHTs) এবং জাতিগত চিকিৎসা-পদ্ধতির (EMPs) পদ্ধতিগত নথিভুক্তকরণ ও বৈজ্ঞানিক বৈধতা যাচাই করা।
২. জাতিগত পশুচিকিৎসা-পদ্ধতির পদ্ধতিগত নথিভুক্তকরণ ও বৈজ্ঞানিক বৈধতা যাচাই করা।
৩. বৈজ্ঞানিক গুরুত্বের ভিত্তিতে উপযুক্ত দাবি ও চিকিৎসা-পদ্ধতিসমূহের ওপর প্রাক্-ক্লিনিক্যাল, ক্লিনিক্যাল প্রভৃতি গবেষণা পরিচালনা করা।

কার্যক্রম পরিচালনার নির্দেশিকা

পর্যায়–১

i. পরম্পরাগত স্বাস্থ্যচর্চার নথিভুক্তকরণের জন্য নির্ধারিত আবেদনপত্র জমা দেওয়া:

সিসিআরএস–পরম্পরা-এর অধীনে পরম্পরাগত স্বাস্থ্যচর্চার নথিভুক্তকরণের জন্য নির্ধারিত আবেদনপত্র সিসিআরএস-এর ওয়েবসাইটে উপলব্ধ থাকবে। আগ্রহী পরম্পরাগত জ্ঞানধারীগণ প্রদত্ত নির্ধারিত ফর্ম (অংশ–১) ব্যবহার করে আবেদন করতে পারবেন। যেসব পরম্পরাগত জ্ঞানধারী নিজে ফরম পূরণ করতে অক্ষম, তাঁরা প্রয়োজনে অন্যের সহায়তা গ্রহণ করতে পারবেন। এ ধরনের সহায়তাকারী ব্যক্তিদের সিসিআরএস যথাযথভাবে স্বীকৃতি প্রদান করবে। যথাযথভাবে পূরণকৃত ফরম (**অংশ–১**)-এর সঙ্গে সমর্থনকারী নথি হিসেবে অন্তত ২০টি কেস সংযুক্ত করে নিম্নোক্ত ঠিকানায় CCRAS-এ জমা দেওয়া যাবে— মহাপরিচালক, সিসিআরএস জওহরলাল নেহরু ভারতীয় চিকিৎসা এবং হোমিওপ্যাথি অনুসন্ধান ভবন, ইনস্টিটিউশনাল এরিয়া, 'ডি' ব্লকের বিপরীতে, জনকপুরী, নিউ দিল্লি–১১০০৫৮ এছাড়াও আবেদনপত্র ccrasparampara@gmail.com ই-মেইল ঠিকানায় অথবা দেশের বিভিন্ন অঞ্চলে অবস্থিত নিকটস্থ সিসিআরএএস ইউনিটের (**পরিশিষ্ট–১**) ঠিকানায়ও জমা দেওয়া যাবে। দাবি বা চিকিৎসা-পদ্ধতি-সংক্রান্ত তথ্য সিসিআরএএস-এ জমা দেওয়া সম্পূর্ণ স্বেচ্ছামূলক এবং এ-সংক্রান্ত শর্তাবলির প্রতি আবেদনকারীর সম্মতি সাপেক্ষে বিবেচিত হবে। জমাকৃত তথ্য সিসিআরএএস-এর নথিতে সম্পূর্ণ গোপনীয়ভাবে সংরক্ষিত থাকবে।

অংশ–ক: সিসিআরএএস সচিবালয় কর্তৃক পরম্পরাগত দাবি/চিকিৎসা-পদ্ধতির প্রাথমিক মূল্যায়ন

সিসিআরএএস সচিবালয় পরম্পরাগত দাবি বা চিকিৎসা-পদ্ধতির মৌলিকতা, অভিনবত্ব/স্বাতন্ত্র্য, বৈজ্ঞানিক গুরুত্ব, জাতীয় অগ্রাধিকার ও অপূর্ণ চাহিদার সঙ্গে সামঞ্জস্য, ব্যবহারিক প্রয়োগের সম্ভাবনা, আইইউসিএন মর্যাদা (IUCN Status) এবং বাস্তবায়নযোগ্যতা/উপযোগিতা ইত্যাদি বিষয় জৈব বৈচিত্র্য আইন, ২০০২ (Biological Diversity Act, ২০০২)-সহ প্রযোজ্য নিয়ন্ত্রক নির্দেশিকার আলোকে প্রাথমিকভাবে মূল্যায়ন ও যাচাই করবে।

অংশ–খ: ক্ষেত্র-পরিদর্শন

সিসিআরএএস সচিবালয়ের প্রাথমিক যাচাই-বাছাইয়ের পর কোনো দাবি বা চিকিৎসা-পদ্ধতিকে উপযুক্ত বিবেচনা করা হলে, আয়ুর্বেদ, উদ্ভিদবিদ্যা অথবা প্রয়োজন অনুযায়ী অন্যান্য বিষয়ে বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত সিসিআরএএস-এর একটি দল পরম্পরাগত জ্ঞানধারীর স্থানে ক্ষেত্র-পরিদর্শন করবে এবং পরম্পরাগত দাবি বা চিকিৎসা-পদ্ধতির পুনর্মূল্যায়ন করবে।

পর্যায়–২

i. অভ্যন্তরীণ যাচাই কমিটি (ISC)-এর পর্যালোচনা:

সিসিআরএএস-এর অভ্যন্তরীণ যাচাই কমিটি (Internal Scrutiny Committee—ISC) ক্ষেত্র-পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে দাবি বা চিকিৎসা-পদ্ধতিগুলির মৌলিকতা, অভিনবত্ব/স্বাতন্ত্র্য, বৈজ্ঞানিক গুরুত্ব, জাতীয় অগ্রাধিকার ও অপূর্ণ চাহিদার সঙ্গে সামঞ্জস্য, ব্যবহারিক প্রয়োগের সম্ভাবনা, আইইউসিএন মর্যাদা এবং বাস্তবায়নযোগ্যতা/উপযোগিতা প্রভৃতি বিষয় জৈব বৈচিত্র্য আইন, ২০০২-সহ প্রযোজ্য নিয়ন্ত্রক নির্দেশিকার আলোকে পর্যালোচনা করবে এবং পরবর্তী মূল্যায়নের জন্য সুপারিশ প্রদান করবে।

মূল্যায়নের যে কোনো পর্যায়ে প্রয়োজনবোধে সিসিআরএএস একজন বা একাধিক বহিঃস্থ বিশেষজ্ঞকে কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত (Co-opt) করতে পারবে।

ii. বিশেষজ্ঞ পর্যালোচনা:

স্বাতন্ত্র্যপূর্ণ দাবি বা চিকিৎসা-পদ্ধতিগুলি তাদের বৈজ্ঞানিক গুরুত্ব এবং পরবর্তী গবেষণার উপযোগিতা মূল্যায়নের জন্য সিসিআরএএস-এর বিভিন্ন কমিটি, যেমন—প্রকল্প অনুমোদন ও পর্যবেক্ষণ কমিটি (Project Approval and Monitoring Committee—PAMC), বৈজ্ঞানিক উপদেষ্টা গোষ্ঠী (Scientific Advisory Group—SAG), বৈজ্ঞানিক উপদেষ্টা পর্ষদ (Scientific Advisory Board—SAB) অথবা মনোনীত বিশেষজ্ঞদের নিকট উপস্থাপন করা হবে।প্রয়োজন অনুসারে পরম্পরাগত জ্ঞানধারীকে উপর্যুক্ত সিসিআরএএস কমিটিগুলির সঙ্গে মতবিনিময়ের জন্য আমন্ত্রণ জানানো হবে।

উপরোক্ত কমিটিসমূহের সুপারিশের ভিত্তিতে এবং অপ্রকাশ চুক্তি (Non-Disclosure Agreement—NDA)-সহ সমঝোতা স্মারক (Memorandum of Agreement—MOA) স্বাক্ষরের পর, সিসিআরএএস-এর গবেষণা ও বাণিজ্যিকীকরণ নীতি (Research & Commercialization Policy) অনুসারে সংশ্লিষ্ট পরম্পরাগত দাবি বা চিকিৎসা-পদ্ধতিকে গবেষণা ও উন্নয়ন (Research & Development)-এর জন্য গ্রহণ করা যেতে পারে। অফ এগ্রিমেন্ট (এমওএ) স্বাক্ষর করার পরে গ্রহণ করা যেতে পারে যার মধ্যে একটি প্রকাশ না করার চুক্তি (এনডিএ) অন্তর্ভুক্ত রয়েছে।

****

পরম্পরাগত স্বাস্থ্যচর্চার নথিভুক্তকরণের বিন্যাস

কেন্দ্রীয় আয়ুর্বেদীয় বিজ্ঞান গবেষণা পরিষদ

আয়ুষ মন্ত্রক

(ভারত সরকার)

সিসিআরএএস-পরম্পরা

অংশ ।-প্রাথমিক যাচাইকরণ বিন্যাস

(পরম্পরাগত জ্ঞান ধারণকারীর প্রথম প্রস্তাবনার সংক্ষিপ্ত রূপরেখা)

কেন্দ্রীয় আয়ুর্বেদীয় বিজ্ঞান গবেষণা পরিষদ (CCRAS), আয়ুষ মন্ত্রক, ভারত সরকার

প্রথম ধাপের আবেদনটি ইচ্ছাকৃতভাবেই সহজ ও সংক্ষিপ্ত রাখা হয়েছে,যাতে পরম্পরাগত জ্ঞান ধারণকারীরা এগিয়ে আসতে নিরুৎসাহিত না হয়। এতে পরম্পরাগত জ্ঞান ধারণকারী/আবেদনকারীর বিবরণ, দাবি বা চিকিৎসা পদ্ধতির সংক্ষিপ্ত বর্ণনা এবং অন্তত ২০টি চিকিৎসা করা ক্ষেত্রের (রোগীর) সারাংশ অন্তর্ভুক্ত থাকে। প্রাথমিক যাচাইকরণ পর্বে (বিদ্যমান CCRAS-পরম্পরা পর্যায়-১ প্রক্রিয়া অনুসারে) যেসব দাবি উপযুক্ত বলে বিবেচিত হবে, সেগুলো ' অংশ ॥ — বিস্তারিত বৈজ্ঞানিক নথিভুক্তকরণ বিন্যাস'-এ প্রবেশ করবে, যা সিসিআরএএস (CCRAS) আয়ুর্বেদ গবেষণা আধিকারিকের সাথে যৌথভাবে পূরণ করতে হবে। অংশ-। জমা দেওয়ার মানেই দাবিটি গ্রহণযোগ্য বা স্বীকৃত হয়েছে বলে গণ্য হবে না।

বিভাগ ক -পরম্পরাগত জ্ঞান ধারণকারী / আবেদনকারী

ক. পরম্পরাগত জ্ঞান ধারণকারী / আবেদনকারী-প্রাথমিক তথ্য		
নং.	**বিবরণ**	**বিবরণ/প্রতিক্রিয়া**
ক.১	নাম এবং সম্পূর্ণ ঠিকানা (মোবাইল নম্বর ও ই-মেল সহ, যদি পাওয়া যায়)	
ক. ২	বয়স/জন্ম তারিখ	
ক.৩	লিঙ্গ	
ক.৪	সাধারণ শিক্ষাগত যোগ্যতা	
ক.৫	চিকিৎসা/পরম্পরাগত চিকিৎসা-সংক্রান্ত যোগ্যতা, যদি থাকে *ডিগ্রি/শংসাপত্র,শিক্ষা প্রতিষ্ঠান এবং উত্তীর্ণ হওয়ার বছর,*	
ক.৬	পরম্পরাগত চিকিৎসা পদ্ধতির ধরণ/বিভাগ *স্থানীয় স্বাস্থ্য-ঐতিহ্য (LHTs)/ মৌখিক স্বাস্থ্য-ঐতিহ্য (OHTs) / জাতিগত চিকিৎসা-পদ্ধতির (EMPs) / লোক-পশুচিকিৎসা ধারা / অন্যান্য (দয়া করে নির্দিষ্ট করে লিখুন)*	
ক.৭	জ্ঞানের উৎস-চিকিৎসা পদ্ধতিটি কীভাবে অর্জিত হয়েছিল *বংশগত/গুরু-শিষ্য পরম্পরা/ আত্ম অভিজ্ঞতা* *সম্প্রদায়গত জ্ঞান/ অন্যান্য (নির্দিষ্ট করে লিখুন)*	
ক.৮	বংশানুক্রমে চিকিৎসা পদ্ধতির ইতিহাস *(i) বংশানুক্রমিক/পরিবারের মধ্যে প্রজন্ম থেকে প্রজন্মে হস্তান্তরিত হয়েছে হ্যাঁ/না* *(ii) এই চিকিৎসা-পদ্ধতির সঙ্গে আপনার পরিবারের কত প্রজন্ম যুক্ত রয়েছে* *(iii) যাঁদের কাছ থেকে এই জ্ঞান অর্জিত হয়েছে, সেই পারিবারিক সদস্য/ গুরুর নাম ও সম্পর্ক*	
ক. ৯	চিকিৎসার সময়কাল/মোট অভিজ্ঞতা (বছরে)	
ক.১০	রোগ চিকিৎসায় বিশেষজ্ঞতার ক্ষেত্র/শাখা	
ক.১১	প্রাপ্ত প্রশিক্ষণ,যদি থাকে *প্রাতিষ্ঠানিক / অপ্রাতিষ্ঠানিক; প্রতিষ্ঠান/গুরু; সময়কাল; প্রাপ্ত শংসাপত্র (যদি পাওয়া যায় তবে অনুলিপি সংযুক্ত করুন)*	
ক.১২	কোনও ঐতিহ্যবাহী/স্থানীয় চিকিৎসক সংস্থা বা সমিতির সাথে নিবন্ধিত ? *যদি হ্যাঁ হয়, তাহলে নিবন্ধনের বিবরণ দিন*	
ক.১৩	আবেদনকারীর স্থানীয় এলাকায় কোনও আধুনিক চিকিৎসা সুবিধা পাওয়া যায় কিনা (হ্যাঁ/না) *যদি হ্যাঁ হয়, কর্মস্থল/গ্রাম থেকে দূরত্ব*	

বিভাগ খ-দাবি/চিকিৎসা পদ্ধতির সংক্ষিপ্ত বিবরণ

এই বিভাগটি কোনো ঔষধ/ফর্মুলেশন, পদ্ধতি/কৌশল, বা যন্ত্র/সরঞ্জাম—যে কোনো ধরণের দাবির ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য; কেবল খ.১-এ চিহ্নিত (টিক দেওয়া) ধরণটির সাথে সম্পর্কিত অংশগুলো পূরণ করুন এবং বাকি অংশগুলোতে "প্রযোজ্য নয়" (N/A) লিখুন। প্রাথমিক মূল্যায়নের পর প্রয়োজন অনুযায়ী, চিহ্নিত ধরণটির পূর্ণাঙ্গ কারিগরি তথ্য দ্বিতীয় পর্বে (অংশ II) নথিভুক্ত করা হবে (ঔষধের বিস্তারিত বিবরণ অংশ II-এর খ১–খ৩ বিভাগে, পদ্ধতির বিবরণ খ৪ বিভাগে এবং যন্ত্রের বিবরণ খ ৫ বিভাগে)।

খ. দাবি/চিকিৎসা পদ্ধতির প্রকৃতি ও সংক্ষিপ্ত বিবরণ		
নং.	**বিবরণ**	**বিবরণ/প্রতিক্রিয়া**
খ.১	দাবির ধরণ (প্রযোজ্য সমস্ত টিক করুন) *একক ঔষধ □ যৌগিক ঔষধ প্রস্তুতি (ঔষধি যোগ) □* *পদ্ধতি/কৌশল □ যন্ত্র/সরঞ্জাম □*	
খ.২	দাবির নাম *ঔষধ/ঔষধ প্রস্তুতির ক্ষেতে-আঞ্চলিক/স্থানীয় নাম, হিন্দি নাম সংস্কৃত নাম এবং বোটানিক্যাল/বৈজ্ঞানিক নাম, নাম উল্লেখ করুন: কোনও পদ্ধতি/কৌশল বা যন্ত্র/সরঞ্জামের জন্য-স্থানীয়/আঞ্চলিকভাবে প্রচলিত নাম এবং হিন্দি নাম, যদি থাকে।*	
খ.৩	দাবির সংক্ষিপ্ত বিবরণ *৩-৪ লাইনেঃ এটি কি; একটি পদ্ধতির ক্ষেত্রে, কৌশল এবং যে কোনও উপকরণ/সরঞ্জাম ব্যবহৃত হয়; একটি যন্ত্রের ক্ষেত্রে, এটি কী দিয়ে তৈরি এবং এর উদ্দেশ্য; এটি কীভাবে ব্যবহার করা হয়/পরিচালিত/সম্পাদিত হয়*	
খ.৪	জড়িত উপকরণ, যন্ত্রপাতি বা সরঞ্জাম *পদ্ধতি/কৌশল এবং যন্ত্র/সরঞ্জাম দাবির ক্ষেত্রে প্রযোজ্য-শুধুমাত্র সংক্ষিপ্ত বিবরণ; বিস্তারিত বিবরণ, মাত্রা এবং ফটোগ্রাফ/অঙ্কন অংশ-II-এ প্রদান করতে হবে।*	
খ.৫	রোগ (গুলি)/শর্তগুলি যার জন্য ব্যবহৃত হয়	
খ.৬	একটি পরম্পরাগত/বংশানুক্রমিক চিকিৎসা-পদ্ধতি; আনুমানিক কত বছর ধরে ব্যবহারে রয়েছে।	
খ.৭	স্থানীয় এলাকায় কাঁচামালের প্রাচুর্য/প্রাপ্যতা *শুধুমাত্র ঔষধ/ঔষধ প্রস্তুতি-সংক্রান্ত দাবির ক্ষেত্রে প্রযোজ্য-অন্যথায় প্রযোজ্য নয়-এ চিহ্নিত করুনঃ প্রচুর □ পর্যাপ্ত □ কদাচিৎ □ বিরল □ অত্যন্ত বিরল □ প্রযোজ্য নয় □*	
খ.৮	এই দাবিটি অন্য কোনও প্রতিষ্ঠান/সংস্থায় জমা দেওয়া হয়েছে বা বিবেচনাধীন রয়েছে?	

বিভাগ গ-প্রাথমিক চিকিৎসার বিবরণ (সর্বনিম্ন ২০ টি কেস)

প্রাথমিক মূল্যায়নের জন্য উপরোক্ত দাবি বা চিকিৎসা পদ্ধতির সাহায্যে চিকিৎসা করা হয়েছে এমন সর্বনিম্ন ২০টি কেসের তালিকা প্রস্তুত করুন। পরবর্তীতে বিস্তৃত মূল্যায়নের জন্য নির্বাচিত কেসগুলির বিবরণ সিসিআরএএস (CCRAS) আয়ুর্বেদ রিসার্চ অফিসারের সহযোগিতায় অংশ - II সংকলন করা হবে। (২০টির বেশি কেস তালিকাভুক্ত করার প্রয়োজন হলে একই ফরম্যাটের অতিরিক্ত কাগজ ব্যবহার করুন।)

ক্রমিক নং.	রোগী/ বিষয়ের নাম	বয়স /লিঙ্গ	ঠিকানা (গ্রাম/শহর, জেলা, রাজ্য)	রোগ নির্ণয়/অবস্থা চিকিৎসা করা হয়েছে	ফলাফল
১					
২					
৩					
৪					
৫					
৬					
৭					
৮					
৯					
১০					
১১					
১২					
১৩					
১৪					
১৫					
১৬					
১৭					
১৮					
১৯					
২০					

বিভাগ ঘ-স্বীকারোক্তি

আমি এতদ্বারা ঘোষণা করছি যে, উপরে প্রদত্ত তথ্য আমার জানা মতে সত্য, এবং আমি স্বেচ্ছায় সিসিআরএএস (CCRAS)-পরম্পরা উদ্যোগের অধীনে প্রাথমিক যাচাইকরণের জন্য সিসিআরএর কাছে এই দাবি/চিকিৎসা পদ্ধতি জমা দিচ্ছি। আমি এই আবেদনের বিবরণগুলো কোনো প্রকার বিজ্ঞাপন / আত্মপ্রচারের উদ্দেশ্যে ব্যবহার করব না।

আমি বুঝতে পারছি যে, এই অংশ-I বিন্যাসটি জমা দেওয়ার অর্থ সিসিআরএএস(CCRAS) কর্তৃক দাবির গ্রহণযোগ্যতা বা অনুমোদন নয়, এটি আমাকে কোনও শংসাপত্র, পুরস্কার বা সম্মাননা প্রাপ্তির অধিকারী করে তোলে না।

তারিখঃ _____ স্থানঃ _____

পরম্পরাগত জ্ঞান ধারণকারীর স্বাক্ষর

সংযুক্ত নথিপত্রের তালিকা: (ক) সঠিকভাবে ও সম্পূর্ণভাবে পূরণ করা। অংশের ফর্ম (বিভাগ ক-গ); (খ) কমপক্ষে ২০টি কেসের সারসংক্ষেপ (বিভাগ গ): (গ) উদ্ভিদের নমুনা, যেখানে প্রযোজ্য; (ঘ) দাবিকৃত কোনো চিকিৎসা যন্ত্র বা সরঞ্জামের পরিষ্কার ছবি (যদি থাকে)।

সিসিআরএএস-পরম্পরা

অংশ II-বিস্তারিত বৈজ্ঞানিক নথিপত্রের বিন্যাস

(অংশ-I-এর প্রাথমিক যাচাইকরণের পরে নির্বাচিত দাবিগুলির জন্য সিসিআরএএস (CCRAS) আয়ুর্বেদ গবেষণা কর্মকর্তার সাথে যৌথভাবে সম্পন্ন করা হবে)

কেন্দ্রীয় আয়ুর্বেদীয় বিজ্ঞান গবেষণা পরিষদ (CCRAS), আয়ুষ মন্ত্রক, ভারত সরকার

সেন্ট্রাল কাউন্সিল ফর রিসার্চ ইন আয়ুর্বেদিক সায়েন্সেস (সিসিআরএএস) আয়ুষ মন্ত্রক, ভারত সরকার

এই অংশ II-এর নথিভুক্তকরণ শুধুমাত্র সেইসব দাবির ক্ষেত্রে করা হয়,অংশ I প্রাথমিক যাচাইকরণের উপযুক্ত দাবিগুলির জন্য গ্রহণ করা হয়। এটি পরম্পরাগত জ্ঞান ধারণকারী এবং সিসিআরএএস (CCRAS) আয়ুর্বেদ গবেষণা আধিকারিক দ্বারা অভ্যন্তরীণ পরীক্ষা কমিটি (আইএসসি) ও বিশেষজ্ঞ পর্যালোচনার জন্য যৌথভাবে সম্পন্ন করা হয়।

অংশ-১-এর আন্তঃউল্লেখ

ক্রমিক নং.	বিবরণ	বিবরণ/প্রতিক্রিয়া
তথ্যসূত্র.১	আবেদনকারীর নাম (অংশ I, বিভাগ ক. ১ অনুযায়ী)	
তথ্যসূত্র.২	অংশ ১ জমা/রেফারেন্স নম্বর এবং তারিখ	
তথ্যসূত্র.৩	বিস্তারিত নথিপত্র প্রস্তুত করার জন্য অংশ ১,বিভাগ গ থেকে কেস (গুলি) নির্বাচন করা হয়েছে	

বিভাগ খ-বিস্তারিত দাবি সংক্রান্ত নথি

খ ১. ঔষধ/গঠনের পরিচিতি -অতিরিক্ত বিবরণ

নং.	বিবরণ	বিবরণ/প্রতিক্রিয়া
খ.১	ঔষধের উৎস/উৎপত্তি (একক ঔষধের ক্ষেত্রে) *উদ্ভিদ/প্রাণীজ/খনিজ/অন্যান্য (দয়া করে উল্লেখ করুন)*	
খ. ২	ব্যবহৃত অংশ *উদাহরণস্বরূপ, মূল, ছাল, পাতা, পুরো উদ্ভিদ, রজন ইত্যাদি-যৌগিক গঠনের ক্ষেত্রে প্রতিটি উপাদানের জন্য আলাদাভাবে উল্লেখ করুন*	
খ. ৩	যদি উদ্ভিদজজ্ঞ/গাছপালা সংক্রান্ত উৎসের হয়-নমুনা সংযুক্ত করা হয়েছে (হ্যাঁ/না) *প্রায় এক ফুট দৈর্ঘ্যের একটি ফুল/ফল সহ ডাল, যা ভালোভাবে চেপে ও শুকিয়ে সংযুক্ত করতে হবে*	

খ ২. যৌগিক গঠন (ঔষধি যোগ)-অতিরিক্ত বিবরণ

নং.	বিবরণ	বিবরণ/প্রতিক্রিয়া
খ.৪	এটি কি একটি শাস্ত্রীয় যোগ (ধ্রুপদী/সংহিতাবদ্ধ সূত্র)?(হ্যাঁ/না) *যদি হ্যাঁ হয়, তা হলে শাস্ত্রীয় নামটি দিন*	
খ.৫	মূল পাঠ (সংস্কৃত শ্লোক),যদি শাস্ত্রীয় হয়	
খ.৬	পাঠ্যের সম্পূর্ণ রেফারেন্স *বইয়ের নাম, খণ্ড/অংশ, অধ্যায় এবং শ্লোক সংখ্যা*	
খ.৭	যদি শাস্ত্রীয় যোগ না হয়-উপাদানগুলির তালিকা *নাম (আঞ্চলিক/হিন্দি/সংস্কৃত/উদ্ভিদবিজ্ঞান)-ব্যবহৃত অংশ-পরিমাণ/অনুপাত প্রতিটি উপাদানের জন্য*	

খ ৩. প্রস্তুতি,মাত্রা এবং সেবনবিধি

নং.	বিবরণ	বিবরণ/প্রতিক্রিয়া
খ.৮	ডোজের ধরণ, *যেমন-চূর্ণ, ক্বাথ/কাশায়, তৈল,বটি/গুটিকা, অরিষ্ট/আসব, লেহ ইত্যাদি।*	
খ.৯	প্রস্তুতপ্রণালী/ প্রক্রিয়া *বিস্তারিত, ধাপে ধাপে প্রক্রিয়াকরণ, যার মধ্যে শোধন (যদি প্রযোজ্য হয়) অন্তর্ভুক্ত*	
খ.১০	রোগ এবং উপসর্গ যা নির্দেশিত (বিস্তারিত)	
খ.১১	ঔষধের অন্যান্য ক্রিয়া/প্রভাব	
খ.১২	মাত্রা (বিভিন্ন পর্যায়ে/বয়সসীমা/অবস্থায়)	
খ.১৩	অনুপান/ব্যবহৃত মাধ্যম (বিভিন্ন পর্যায়/অবস্থায়)	
খ.১৪	চিকিৎসার সময়কাল	
খ.১৫	প্রয়োগের পথ/ পদ্ধতি	
খ.১৬	পথ্য-অপথ্য (খাদ্যাভ্যাস ও জীবনযাপনে করণীয়–বর্জনীয় এবং বিশেষ সতর্কতা)	
খ.১৭	কোনও পার্শ্বপ্রতিক্রিয়া/জটিলতা দেখা গেছে, যদি থাকে	
খ.১৮	যদি ঔষধের মানকীকরণ করা হয়ে থাকে,তার বিস্তারিত বিবরণ	
খ.১৯	নিরাপত্তা/বিষাক্ততা অধ্যয়নের বিবরণ, যদি থাকে	
খ.২০	ঔষধ ব্যবহারের জন্য নির্দিষ্ট নির্দেশাবলী *উদাহরণস্বরূপ, সংগ্রহের সময়/ঋতু, সংরক্ষণের শর্তাবলী, প্রক্রিয়াকরণের সতর্কতা, খাদ্য সম্পর্কিত সময়সূচী ইত্যাদি।*	

খ ৪. রোগ ব্যবস্থাপনায় ব্যবহৃত পদ্ধতি/কৌশলসমূহ

যদি চিকিৎসক হাত দিয়ে বা যন্ত্রের সাহায্যে কোনো চিকিৎসা পদ্ধতি ব্যবহার করেন তবে এটি পূরণ করতে হবে — যেমন, হাড় ভাঙা/হাড় জোড়া লাগানো, সেলাই করা, প্রেসার বা পয়েন্ট-থেরাপি, ক্ষারসূত্র/দাহকর্ম (কটেরাইজেশন), রক্তমোক্ষণ, ম্যাসাজ/ম্যানিপুলেশন, ধাত্রীবিদ্যা/প্রসব সংক্রান্ত পদ্ধতি ইত্যাদি।

খ ৪.পদ্ধতি/কৌশলের বিবরণ

নং.	বিবরণ	বিবরণ/প্রতিক্রিয়া
খ.২১	পদ্ধতি/কৌশলের নাম *উদাহরণস্বরূপ, হাড় জোড়া লাগানো/হাড় ভাঙার ব্যবস্থাপনা, সেলাই করা, প্রেসার থেরাপি,দাহকর্ম, রক্তপাত,ম্যাসেজ ইত্যাদি।*	
খ. ২২	যেসব অবস্থা/লক্ষণে পদ্ধতিটি ব্যবহার করা হয়	
খ.২৩	পদ্ধতিটির ধাপে ধাপে বিশদ বিবরণ *ব্যবহৃত উপাদান/সরঞ্জাম; কৌশল/ধাপের ক্রম; প্রতিটি বৈঠকের সময়কাল*	
খ.২৪	এই পদ্ধতিতে চিকিৎসকের নির্দিষ্ট প্রশিক্ষণ/অভিজ্ঞতা	
খ.২৫	সেশনের সংখ্যা/পুনরাবৃত্তি এবং চিকিৎসা কোর্সের মোট সময়কাল	
খ.২৬	প্রক্রিয়ার পূর্ববর্তী ও পরবর্তী পরিচর্যা	
খ. ২৭	সতর্কতা / যেসব ক্ষেত্রে নিষেধ	
খ. ২৮	কোনো প্রতিকূল প্রতিক্রিয়া/জটিলতা লক্ষ্য করা গিয়ে থাকলে তার বিবরণ	
খ. ২৯	যে ক্ষেত্রে পদ্ধতিটি ব্যবহার করা হয়েছিল তার সংখ্যা এবং ফলাফল	
খ.৩০	প্রথাগত/বংশগত বা স্ব-পরিকল্পিত পদ্ধতি; ব্যবহৃত বছরের সংখ্যা	

খ ৫. পরম্পরাগত জ্ঞান ধারণকারী কর্তৃক বিকশিত বা ব্যবহৃত যন্ত্রপাতি / সরঞ্জাম

শুধুমাত্র আবেদনকারী কর্তৃক বিকশিত, পরিবর্তিত বা ঐতিহ্যগতভাবে ব্যবহৃত কোনো যন্ত্র, সরঞ্জাম বা উপকরণ সম্পর্কে দাবি থাকলে এটি পূরণ করতে হবে।

খ ৫. যন্ত্রপাতি/সরঞ্জামের বিবরণ

নং.	বিবরণ	বিবরণ/প্রতিক্রিয়া
খ.৩১	যন্ত্রপাতি বা সরঞ্জামের নাম/স্থানীয় নাম	
খ.৩২	যন্ত্রের উদ্দেশ্য/ব্যবহার	
খ.৩৩	যন্ত্রের বিবরণ *উপাদান, মাত্রা/মাপ এবং নকশা-যদি পাওয়া যায় তবে একটি অঙ্কন বা ফটোগ্রাফ সংযুক্ত করুন*	
খ.৩৪	যন্ত্রের প্রস্তুতি/তৈরির পদ্ধতি	
খ.৩৫	নকশার উৎস *পরম্পরাগত/বংশানুক্রমিক বা স্ব-উদ্ভাবিত/সংশোধিত-নির্দিষ্ট করে উল্লেখ করুন*	
খ.৩৬	ব্যবহৃত বছরের সংখ্যা	
খ.৩৭	বর্তমানে নির্মিত/উপলব্ধ, এবং উৎস	
খ.৩৮	ব্যবহৃত নিরাপত্তা বৈশিষ্ট্য ও সতর্কতা	
খ.৩৯	বিদ্যমান/প্রচলিত কোনো যন্ত্রের সাথে তুলনা, যদি প্রযোজ্য হয়	
খ.৪০	উপকরণ সম্পর্কিত অন্য কোনও দাবি/নতুনত্ব	

বিভাগ গ-রোগবিবরণ(কেস)গুলি নথিভুক্ত করার জন্য বিস্তারিত প্রস্তাব

কেস নথিভুক্ত করার জন্য এই প্রফর্মাসমূহ ফটোকপি করুন এবং পার্ট I, বিভাগ গ-তে তালিকাভুক্ত (অথবা ফিল্ড ভিজিটের সময় চিহ্নিত) প্রতিটি কেসের জন্য একটি করে ফর্ম পূরণ করুন, যা পরম্পরাগত জ্ঞান ধারণকারী এবং আয়ুর্বেদ গবেষণা কর্মকর্তা যৌথভাবে যাচাই করবেন।

গ. প্রতিটি রোগীর রোগবিবরণের(কেসের) নথিভুক্তকরণের জন্য প্রফর্মা (প্রতি ক্ষেত্রে একটি)

নং.	বিবরণ	বিবরণ/প্রতিক্রিয়া
গ.১	কেস রেফারেন্স নম্বর *(অংশ-I-এর আন্তঃউল্লেখ, বিভাগ গ, ক্রমিক নং)*	
গ.২	রোগী/বিষয়ের নাম, বয়স এবং লিঙ্গ	
গ. ৩	সম্পূর্ণ ঠিকানা	
গ.৪	রোগ নির্ণয়/রোগ (ক্লিনিকাল মূল্যায়ন)	
গ.৫	অসুস্থতার সময়কাল (চিকিৎসা শুরু করার আগে)	
গ.৬	প্রদত্ত চিকিৎসা *ব্যবহৃত ঔষধ/গঠন/পদ্ধতি/যন্ত্র, মাত্রা এবং সময়কাল সহ*	
গ.৭	আধুনিক বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে কি না (হ্যাঁ/না) *যদি হ্যাঁ হয় তবে ফলাফল-প্যাথোলজিকাল, বায়োকেমিক্যাল, বায়োপসি, এক্স-রে ইত্যাদি।*	
গ.৮	ফলাফল *নিরাময়/উন্নতি হয়েছে/কোনও পরিবর্তন নেই/খারাপ হয়েছে-মূল্যায়নের তারিখ সহ*	
গ.৯	ফলো-আপের বিবরণ, যদি থাকে	
গ.১০	প্রতিকূল ঘটনা/ঔষধের পার্শ্ব প্রতিক্রিয়া/জটিলতা, যদি থাকে	
গ.১১	আয়ুর্বেদ গবেষণা আধিকারিকের মন্তব্য	

বিভাগ ঘ-স্বীকারোক্তি

ঘ ১. সিসিআরএএস(CCRAS) আয়ুর্বেদ গবেষণা আধিকারিকের স্বীকারোক্তি		
নং.	**বিবরণ**	**বিবরণ/প্রতিক্রিয়া**
ঘ.১	নাম	
ঘ.২	পদ	
ঘ.৩	সিসিআরএএস(CCRAS) প্রতিষ্ঠান/কেন্দ্রের নাম	
ঘ.৪	ক্ষেত্র পরিদর্শনের তারিখ(সমূহ)	
ঘ.৫	স্বীকারোক্তি *আমি ঘোষণা করছি যে,এই অংশ- ।। ডকুমেন্টেশনে লিপিবদ্ধ বিবরণসমূহ ওপরে উল্লিখিত পরম্পরাগত জ্ঞান ধারণকারীর সাথে সরাসরি আলোচনার মাধ্যমে যাচাই করা হয়েছে।*	

আয়ুর্বেদ গবেষণা আধিকারিকদের স্বাক্ষরঃ

আমি, অধস্তন স্বাক্ষরিত পরম্পরাগত জ্ঞান ধারণকারী, নিশ্চিত করছি যে উপরের বিবরণগুলি সঠিকভাবে এবং আমার সম্মতিতে নথিভুক্ত করা হয়েছে।

তারিখঃ _____ স্থানঃ _____

পরম্পরাগত জ্ঞান ধারণকারীর স্বাক্ষর

সংযুক্তিগুলোর চেকলিস্ট : (ক) যথাযথভাবে পূর্ণকৃত অংশ-।। ফর্ম্যাট (বিভাগ খ–ঘ);(খ) নির্বাচিত সকল কেসের জন্য কেস নথিভুক্তকরণের পৃথক প্রফর্মাসমূহ (বিভাগ গ);(গ) দাবি করা যেকোনো যন্ত্রের অঙ্কন/ছবি (খ.৩৩); (ঘ) সম্ভব হলে, দাবি করা পদ্ধতিটির ছবি/ভিডিও (খ৪); (ঙ) অন্য যেকোনো সহায়ক নথিপত্র (সনদপত্র, স্ট্যান্ডার্ডাইজেশন/সুরক্ষা সংক্রান্ত স্টাডি রিপোর্ট ইত্যাদি)।

সিসিআরএএস (CCRAS) এর অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের তালিকা

ক্রমিক নং.	সিসিআরএএস প্রতিষ্ঠানের নাম	ঠিকানা
১.	সেন্ট্রাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, নিউ দিল্লি	রোড নং.৬৬, পাঞ্জাবি বাগ (পশ্চিম) নিউ দিল্লি-১১০ ০২৬
২.	ন্যাশনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট ফর পঞ্চকর্ম, চেরুতুরুথি	ন্যাশনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট ফর পঞ্চকর্ম, চেরুতুরুথি, ত্রিশূর জেলা, কেরালা-৬৭৯৫৩১
৩.	সেন্ট্রাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, ভুবনেশ্বর	ভরতপুর, নিয়ার কলিঙ্গ স্টুডিও, ভুবনেশ্বর ৭৫১০২৯, জেলা-খোরদা, ওড়িশা
৪.	সেন্ট্রাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, কলকাতা	৪-সিএন ব্লক, সেক্টর-V, বিধাননগর, কলকাতা- ৭০০০৯১
৫.	সেন্ট্রাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, পাতিয়ালা	মোতি বাগ রোড,পাতিয়ালা-১৪৭০০১
৬.	রাজা রামদেব আনন্দীলাল পোদ্দার (আরআরএপি) সেন্ট্রাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট,মুম্বাই	পোদ্দার মেডিক্যাল ক্যাম্পাস, ডাঃ অ্যানি বেসান্ত রোড, ওরলি মুম্বাই- ৪০০০১৮, মহারাষ্ট্র
৭.	ন্যাশনাল ইনস্টিটিউট অফ ইন্ডিয়ান মেডিকেল হেরিটেজ,হায়দ্রাবাদ	সার্ভে নং.৩১৪,রেভিনিউ বোর্ড কলোনি, গড্ডিয়ান্নারাম, হায়দ্রাবাদ-৫০০০৩৬, তেলেঙ্গানা।
৮.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, লখনউ	আইএনএস-১০৬, সেক্টর-২৫, ইন্দিরা নগর, লখনউ-২২৬০১৬
৯.	এম.এস. রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, জয়পুর	ইন্দিরা কলোনী, বানী পার্ক, ঝোটওয়ারা রোড জয়পুর-৩০২০১৬
১০.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, গোয়ালিয়র	আমখো, গোয়ালিয়র-৪৭৪০০৯ (মধ্যপ্রদেশ)
১১.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, বিজয়ওয়াড়া	নিউ রাজীব নগর, পায়াকাপুরম, বিজয়ওয়াড়া-৫২০০১৫ অন্ধ্রপ্রদেশ
১২.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, নাগপুর	ঘরকুল পরিসরের কাছে, ভেঙ্কটেশ নগরের কাছে, এনআইটি কমপ্লেক্স নন্দনবন,নাগপুর- ৪৪০০০৯ মহারাষ্ট্র
১৩.	সেন্ট্রাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, বেঙ্গালুরু	১২,উত্তরহল্লি মানবর্থে কাভাল,উত্তরহল্লি (হোবলি), ব্যাঙ্গালোর সাউথ (তালুক) কনকপুরা মেইন রোড, তালাঘাট্টাপুরা পোস্ট, বেঙ্গালুরু -৫৬০১০৯
১৪.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, তিরুবনন্তপুরম	পূজাপ্পুরা, তিরুঅনন্তপুরম, কেরালা-৬৯৫০১২
১৫.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, পাটনা	আরএমআরআই বিল্ডিং "ডি" ব্লক, আগম কুয়াঁ,পাটনা-৮০০০০৭, বিহার
১৬.	সেন্ট্রাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, গুয়াহাটি	বোরসোজাই, বেলতোলা, গুয়াহাটি-৭৮১০২৮

ক্রমিক নং.	সিসিআরএএস প্রতিষ্ঠানের নাম	ঠিকানা
১৭.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, গ্যাংটক	তাদোং,গ্যাংটক, সিকিম- ৭৩৭১০২
১৮.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, ইটানগর	মিঠুন গেটের কাছে, ইটানগর-৭৯১১১১, অরুণাচল প্রদেশ
১৯.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, জম্মু	রাজিন্দর নগর, বান তালাব, জম্মু-১৮১১২৩
২০.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, মান্ডি	গান্ধী ভবন,মান্ডি-১৭৫০০১ (হিমাচল প্রদেশ)
২১.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, আহমেদাবাদ	ব্লক এ অ্যান্ড ডি, ২য় তলা, বহুমালী ভবন, মঞ্জুশ্রী মিল কম্পাউন্ড,গিরধরনগর ওভার ব্রিজের কাছে, আসারওয়া, আহমেদাবাদ- ৩৮০০০৪
২২.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, রানিক্ষেত	সিসিআরএএস, থাপলা, গানিয়াদেওলি, রানীক্ষেত, আলমোড়া পিন -২৬৩৬৪৫ (উত্তরাখণ্ড)
২৩.	সেন্ট্রাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, ঝাঁসি	গোয়ালিয়র রোড, ঝাঁসি-২৮৪০০৩ (উত্তর প্রদেশ)
২৪.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, পুণে	গান্ধী ভবন রোড, কোথরুড, পুনে-৪১১০৩৮ মহারাষ্ট্র
২৫.	ক্যাপ্টেন শ্রীনিবাস মূর্তি সেন্ট্রাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, চেন্নাই	আরিগনার আন্না গভর্নমেন্ট হসপিটাল ক্যাম্পাস, অরুম্বাক্কম, চেন্নাই-৬০০১০৬,তামিলনাড়ু
২৬.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ সেন্টার, আগরতলা, ত্রিপুরা	১৩৫, রামনগর রোড,নং. ৪, রাজ ভান্ডারের বিপরীতে আগরতলা, ত্রিপুরা। পিন: ৭৯৯০০২
২৭.	ড. আচন্ত লক্ষ্মীপতি, রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, চেন্নাই	২য় ফ্লোর,ভিএইচএস ক্যাম্পাস,তারামণি,চেন্নাই পিন: ৬০০১১৩
২৮.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট, পোর্ট ব্লেয়ার	কোয়ার্টার নং. এনজিআইআই - ১/৩, চক্করগাঁও (পিও), মিউনিসিপ্যাল কমপ্লেক্সের বিপরীতে,গণেশ মন্দিরের বিপরীতে,চক্করগাঁও, পোর্ট ব্লেয়ার, সাউথ আন্দামান-৭৪৪১১২
২৯.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ ইনস্টিটিউট ফর মিনারেল অ্যান্ড মেরিন মেডিসিনাল রিসোর্সেস, গোয়া	পুরাতন জিএমসি বিল্ডিং,রায়বন্দর, গোয়া,পিন-৪০৩০০৬
৩০.	রিজিওনাল আয়ুর্বেদ রিসার্চ সেন্টার, ডিমাপুর, নাগাল্যান্ড	সি এম ও বিল্ডিং, ১ম তলা, জেলা হাসপাতাল কলোনি ডিমাপুর,নাগাল্যান্ড, পিন: ৭৯৭১১২